বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
কেন্দ্রীয় হিসাব বিভাগ

ফোন: ০২-২২৩৩৮৬৯৩১
ই-মেইল: dgmaccounts1@krishibank.org.bd

সূত্রঃ প্রকা/হিসাব(শাখা-১)/৬(৬৩)সিবিএস/২০২২-২০২৩/৩৫০ তারিখঃ ০২-১১-২০২২

**সর্বোচ্চ অগ্রাধিকার**

১। সকল মহাব্যবস্থাপক/অধ্যক্ষ, বিভাগীয় কার্যালয়/স্টাফ কলেজ/স্থানীয় মুখ্য কার্যালয়।
২। উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
৩। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়।
৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়।
৫। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়।
৬। সকল শাখা ব্যবস্থাপক, (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ **প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগসমূহে স্বতন্ত্র কোডের মাধ্যমে অনলাইন সিবিএস কার্যক্রম শুরু প্রসংগে।**

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগের অধীনে এবং সরাসরি তত্ত্বাবধানে ০১০১ কোডের আওতায় Treasury Management Department (TMD), International Trade Department (ITD) ও Foreign Remittance Management Department (FRMD) সহ প্রধান কার্যালয়ের সকল বিভাগের হিসাবায়ন কার্যক্রম সম্পাদিত হতো। Treasury Management Department (TMD), International Trade Department (ITD) ও Foreign Remittance Management Department (FRMD) এর সাথে শাখাসমূহের প্রত্যক্ষ এ্যাডভাইস ইস্যুকরণ ও সাড়া প্রদানের বিষয়টি জড়িত থাকায় বর্ণিত বিভাগ ৩টির সেবা কার্যক্রমকে ত্বরান্বিত করার নিমিত্তে ২৩.১১.২০১৫ তারিখ থেকে বিভাগ ৩টি সিবিএসের অধীনে ০১০১ কোড ব্যবহারকরতঃ অনলাইন হিসাবায়ন কার্যক্রম শুরু করে এবং উক্ত তিনটি বিভাগকে একটি ইউনিটের অধীনে কেন্দ্রীয়ভাবে Single Day End এর মাধ্যমে Branch Level Day Close সম্পন্ন করা হচ্ছে। অর্থাৎ অফলাইনভিত্তিক কেন্দ্রীয় হিসাব বিভাগের অধীন থেকে বের হয়ে অনলাইন সিবিএসের অধীনে স্বতন্ত্র হিসাবায়ন কার্যক্রম শুরু করলেও আলোচ্য বিভাগ তিনটি অদ্যাবধি কেন্দ্রীয় হিসাব বিভাগের ০১০১ কোডের ব্যবহার অব্যাহত রেখেছে। মূলত কেন্দ্রীয় হিসাব বিভাগ অফলাইনে ০১০১ কোড ব্যবহার করছে এবং বিভাগ তিনটিও অনলাইন সিবিএসে ০১০১ কোড ব্যবহার করছে। ইতোমধ্যে বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল শাখা ২৭.০৫.২০২১ তারিখ থেকে সিবিএসের অর্ন্তভুক্তির আওতায় অনলাইন ব্যাংকিং কার্যক্রম শুরু করেছে এবং কেন্দ্রীয় হিসাব বিভাগকে সিবিএসভুক্ত করার উপযোগিতায় আনা হয়েছে।

০৩। বাংলাদেশ কৃষি ব্যাংকের সূচনালগ্ন হতে কেন্দ্রীয় হিসাব বিভাগ কর্তৃক ০১০১ কোডটি ব্যবহৃত হয়ে আসছে। অপরপক্ষে TMD, ITD ও FRMD বিভাগ তিনটি অনলাইনভুক্ত হওয়ার সময় হতে ০১০১ কোডের মাধ্যমে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করছে। ফলশ্রুতিতে বার্ষিক হিসাব সমাপনীসহ বিভিন্ন হিসাবায়ন এর ক্ষেত্রে জটিলতার সৃষ্টি হচ্ছে। উদ্ভূত জটিলতা নিরসনকল্পে কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ কে ০১০১ কোডে চলমান রাখা, কেন্দ্রীয় হিসাব বিভাগ-২ (CAD-2) কে সিবিএস এর অর্ন্তভুক্ত করা এবং প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট (TMD, ITD, FRMD, CAD-2) বিভাগসমূহে স্বতন্ত্র কোড বরাদ্দের মাধ্যমে সিবিএস'এ অন্তর্ভুক্তকরণপূর্বক হিসাবায়ন পরিচালনার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এতদপ্রেক্ষিতে, প্রধান কার্যালয়ের বিভিন্ন বিভাগের জন্য বরাদ্দকৃত কোডে কার্যক্রম শুরুর তারিখ নিম্নে উল্লেখ করা হল ঃ

| ক্র | বিভাগের নাম | বিভাগের কোড | অনলাইনভুক্তির তারিখ | নতুন কোডে কার্যক্রম শুরুর তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | Central Accounts Department-2 | ০১০৩ | ১৩.১১.২০২২ | ১৩.১১.২০২২ | ৩নং কলামে ৫টি বিভাগের জন্য বরাদ্দকৃত কোডের অধীনে ৫নং কলামে বর্ণিত তারিখ থেকে স্বতন্ত্র অনলাইন কার্যক্রম শুরুসহ এ্যাডভাইস ইস্যু করার ক্ষেত্রে ব্যবহৃত হবে। |
| ২ | Treasury Management Department | ০১০৫ | ২৩.১১.২০১৫ | ১৩.১১.২০২২ | |
| ৩ | International Trade Department | ০১০৬ | ২৩.১১.২০১৫ | ১৩.১১.২০২২ | |
| ৪ | Foreign Remittance Management Department | ০১০৭ | ২৩.১১.২০১৫ | ১৩.১১.২০২২ | |
| ৫ | Central Accounts Department-1 | ০১০১ | ০১০১ কোডের ব্যবহার যথারীতি অব্যাহত থাকবে। | | কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এর অনলাইন কার্যক্রম শুরুর তারিখ পত্র মারফত অবহিত করা হবে। |

চলমান পাতা-২

উল্লেখ্য, এক্ষেত্রে এতদসংশ্লিষ্ট নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করতে হবে ঃ

- **Treasury Management Department (TMD):** Treasury Management Department (TMD) এর উপর ১৩.১১.২০২২ তারিখের পূর্বের সকল এ্যাডভাইস ০১০১ কোডে ইস্যু করতে হবে। ১৩.১১.২০২২ তারিখ হতে এ্যাডভাইস ইস্যুর ক্ষেত্রে ০১০৫ কোড ব্যবহৃত হবে। একইভাবে, ১৩.১১.২০২২ তারিখের পূর্বে Treasury Management Department (TMD) কর্তৃক ইস্যুকৃত এ্যাডভাইস সাড়া প্রদানের ক্ষেত্রে ০১০১ কোড ব্যবহার করতে হবে। ১৩.১১.২০২২ তারিখ বা এর পরবর্তী সময়ে ইস্যুকৃত এ্যাডভাইস সাড়া প্রদানের ক্ষেত্রে ০১০৫ কোড ব্যবহৃত হবে।

- **International trade Department (ITD) :** International Trade Department (ITD) এর উপর ১৩.১১.২০২২ তারিখের পূর্বের সকল এ্যাডভাইস ০১০১ কোডে ইস্যু করতে হবে। ১৩.১১.২০২২ তারিখ হতে এ্যাডভাইস ইস্যুর ক্ষেত্রে ০১০৬ কোড ব্যবহৃত হবে। একইভাবে, ১৩.১১.২০২২ তারিখের পূর্বে International Trade Department (ITD) কর্তৃক ইস্যুকৃত এ্যাডভাইস সাড়া প্রদানের ক্ষেত্রে ০১০১ কোড ব্যবহার করতে হবে। ১৩.১১.২০২২ তারিখ বা এর পরবর্তী সময়ে ইস্যুকৃত এ্যাডভাইস সাড়া প্রদানের ক্ষেত্রে ০১০৬ কোড ব্যবহৃত হবে।

- **Foreign Remittance Management Department (FRMD):** Foreign Remittance Management Department (FRMD) এর উপর ১৩.১১.২০২২ তারিখের পূর্বের সকল এ্যাডভাইস ০১০১ কোডে ইস্যু করতে হবে। ১৩.১১.২০২২ তারিখ হতে এ্যাডভাইস ইস্যুর ক্ষেত্রে ০১০৭ কোড ব্যবহৃত হবে। একইভাবে, ১৩.১১.২০২২ তারিখের পূর্বে Foreign Remittance Management Department (FRMD) কর্তৃক ইস্যুকৃত এ্যাডভাইস সাড়া প্রদানের ক্ষেত্রে ০১০১ কোড ব্যবহার করতে হবে। ১৩.১১.২০২২ তারিখ বা এর পরবর্তী সময়ে ইস্যুকৃত এ্যাডভাইস সাড়া প্রদানের ক্ষেত্রে ০১০৭ কোড ব্যবহৃত হবে।

- **Central Accounts Department-2 (CAD-2):** ১৩.১১.২০২২ তারিখ হতে কেন্দ্রীয় হিসাব বিভাগ-২ এর উপর এ্যাডভাইস ইস্যুর এবং উক্ত বিভাগ থেকে ইস্যুকৃত এ্যাডভাইস সাড়া প্রদানের ক্ষেত্রে ০১০৩ কোড ব্যবহার করতে হবে।

- **Central Accounts Department-1 (CAD-1):** কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এর উপর এ্যাডভাইস ইস্যুর এবং উক্ত বিভাগ থেকে ইস্যুকৃত এ্যাডভাইস সাড়া প্রদানের ক্ষেত্রে ০১০১ কোডের ব্যবহার যথারীতি অব্যাহত থাকবে।

- আলোচ্য বিভাগসমূহে বরাদ্দকৃত কোডকে "ব্রাঞ্চ কোড" হিসেবে বিবেচনা করতে হবে।

০৪। এ বিষয়ে কোন স্পষ্টীকরণ প্রয়োজন হলে বিভাগের উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা জনাব জাকির হোসেন এর সাথে ০১৯১৫৬৩০৫৩১ নম্বরে অথবা বিভাগের উর্ধ্বতন কর্মকর্তা জনাব শুভ্র রায় এর সাথে ০১৩০৩৭৯৫৯৭০ নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত,

08.11.2022

(খান তামজিদ আহমেদ)
উপমহাব্যবস্থাপক

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল ঃ</u>

১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
২। ষ্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১,২,৩ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
৪। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রকা, ঢাকা।
৫। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।
৬। নথি/মহানথি।